গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
নীতি ও কার্যক্রম শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১১৪.২২.০২৮.২০১৯-১২৩ তারিখ-১৩/১০/২০২৫ খ্রিঃ

বিষয়ঃ "বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড অধ্যাদেশ, ২০২৫" এর খসড়া ওয়েব সাইটে প্রকাশকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে "বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড অধ্যাদেশ, ২০২৫" এর সংশোধিত খসড়া এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩/১০/২০২৫

(শাহ্ জালাল মালিক)
সহকারি সচিব
ফোন-৯৫১২২১২
e-mail:policy @mefwd.gov.bd

প্রোগ্রামার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

অনুলিপি সদয় অবগতিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

খসড়া

"বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্‌স বোর্ড অধ্যাদেশ, ২০২৫"

যেহেতু, বাংলাদেশে মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে রোগ নির্ণয়, প্রতিরোধ ও চিকিৎসা সেবায় নিয়োজিত সহযোগী কার্যক্রমে দক্ষ জনবল তৈরী এবং চিকিৎসা শিক্ষার সমুন্নত ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়সহ আনুষঙ্গিক বিষয়াদি যুগোপযোগী করার জন্য সময়ের চাহিদার প্রতিফলনে নূতন অধ্যাদেশ প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন, যথা:-

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**- (১) এই অধ্যাদেশ 'বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড অধ্যাদেশ, ২০২৫' নামে অভিহিত হইবে; এবং

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**-বিষয় বা প্রসংগের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এ অধ্যাদেশে-

(ক) 'অধ্যক্ষ' অর্থ প্রতিষ্ঠানের প্রশাসনিক ও একাডেমিক প্রধান;

(খ) 'অ্যালাইড হেলথ প্রফেশনাল্স' অর্থ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল স্বীকৃত চিকিৎসক, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল স্বীকৃত নার্স ও মিডওয়াইফ, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল স্বীকৃত ফার্মাসিস্ট ব্যতীত তফসিল-১ এ বর্ণিত অ্যালাইড হেলথ প্রফেশনাল্স।

(গ) 'চেয়ারম্যান' অর্থ বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ডের চেয়ারম্যান;

(ঘ) 'তহবিল' অর্থ ধারা ১৯ এর অধীন গঠিত তহবিল;

(ঙ) 'তফসিল' অর্থ এই অধ্যাদেশের কোনো তফসিল;

(চ) 'পরিচালনা পর্ষদ' অর্থ ধারা ৬ এর অধীন গঠিত বোর্ডের পরিচালনা পর্ষদ;

(ছ) 'পরীক্ষা' অর্থ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড কর্তৃক প্রনীত কারিকুলাম অনুযায়ী পরিচালিত পরীক্ষা;

(জ) 'পাবলিক বিশ্ববিদ্যালয়' অর্থ আইনের অধীন প্রতিষ্ঠিত কোন পাবলিক বিশ্ববিদ্যালয়;

(ঝ) 'প্রতিষ্ঠান' অর্থ বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড কর্তৃক অধিভুক্ত সরকার অনুমোদিত চিকিৎসা সেবার সহযোগী পেশাগত কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ;

(ঞ) 'প্রবিধান' অর্থ এই অধ্যাদেশের অধীন বোর্ড কর্তৃক প্রণীত প্রবিধান;

(ট) 'বিধি' অর্থ এই অধ্যাদেশের অধীন সরকার কর্তৃক প্রণীত বিধি;

(ঠ) 'বোর্ড' অর্থ এই অধ্যাদেশের ৩ ধারার অধীন প্রণীত বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড;

(ড) 'শিক্ষার্থী' অর্থ প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষা কার্যক্রমে নিবন্ধিত কোন শিক্ষার্থী;

(ঢ) 'রেজিষ্ট্রার' অর্থ বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ডের রেজিষ্ট্রার;

খসড়া

দ্বিতীয় অধ্যায়

বোর্ড প্রতিষ্ঠা, ইত্যাদি

৩। **অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড প্রতিষ্ঠা।**- (১) এই অধ্যাদেশ কার্যকর হইবার সংগে সংগে, এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড নামে একটি বোর্ড প্রতিষ্ঠিত হইবে।

(২) বোর্ড একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং সরকারের পূর্বানুমোদনক্রমে ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে; বোর্ড উহার স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৪। **বোর্ডের কার্যালয়।**- বোর্ডের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং বোর্ড প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে উহার আঞ্চলিক কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৫। **পরিচালনা ও প্রশাসন।**- বোর্ডের পরিচালনা ও প্রশাসন এর দায়িত্ব পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত থাকিবে এবং বোর্ড যেসকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা পর্ষদও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

৬। **পরিচালনা পর্ষদ।**- (১) বোর্ডের কার্যক্রম পরিচালনার জন্য নিম্নরূপ সদস্যের সমন্বয়ে বোর্ড পরিচালনা পর্ষদ গঠিত হইবে, যথা-

(ক) সরকার কর্তৃক নিযুক্ত একজন চেয়ারম্যান, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক মনোনীত, উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(গ) স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক মনোনীত, উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঘ) ডীন (চিকিৎসা অনুষদ), ঢাকা বিশ্ববিদ্যালয়

(ঙ) ডীন (মেডিকেল টেকনোলজী অনুষদ), সকল মেডিকেল বিশ্ববিদ্যালয়;

(চ) মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত অন্যূন পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ছ) সরকারি মেডিকেল কলেজসমূহের অধ্যক্ষবৃন্দের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন অধ্যক্ষ;

(জ) সরকারি ডেন্টাল কলেজসমূহের অধ্যক্ষবৃন্দের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন অধ্যক্ষ;

(ঝ) রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল;

(ঞ) রেজিস্ট্রার, নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল;

(ট) সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল;

(ঠ) সরকারি ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজিসমূহের অধ্যক্ষবৃন্দের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন অধ্যক্ষ;

(ড) সরকারি মেডিকেল অ্যাসিসট্যান্ট ট্রেনিং স্কুলসমূহের অধ্যক্ষবৃন্দের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন অধ্যক্ষ;

(ঢ) বেসরকারি মেডিকেল অ্যাসিসট্যান্ট ট্রেনিং স্কুলসমূহের অধ্যক্ষবৃন্দের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন অধ্যক্ষ;

(ণ) বেসরকারি ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজিসমূহের অধ্যক্ষবৃন্দের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন অধ্যক্ষ;

(ত) রেজিষ্ট্রার, বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড, যিনি যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

২) উপ-ধারা (১) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য সদস্য পদে বহাল থাকিবেন;

তবে শর্ত থাকে যে, সরকার, কোনো কারণ দর্শানো ব্যতিরেকে, কোনো মনোনীত সদস্যের মেয়াদ শেষ হইবার পূর্বে তাহার মনোনয়ন বাতিল করিতে পারিবে। আরও শর্ত থাকে যে, কোনো মনোনীত সদস্য যে কোনো সময় চেয়ারম্যানকে উদ্দেশ্য করিয়া তাহার স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন। তবে চেয়ারম্যান কর্তৃক গৃহিত না হওয়া পর্যন্ত পদত্যাগ কার্যকর হইবে না।

(৩) চেয়ারম্যান সরকার বরাবর নিজ স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ হইতে পদত্যাগ করিতে পারিবেন।

(৪) পদত্যাগ, মৃত্যু অথবা অন্য কোনো কারণে বোর্ডের কোনো সদস্যের পদ শূন্য হইলে, উক্ত শূন্যপদে অবশিষ্ট মেয়াদের জন্য সরকার নূতন সদস্য মনোনীত অথবা নিযুক্ত করিতে পারিবে।

৭। পরিচালনা পর্ষদের সভা।- (১) এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, পরিচালনা পর্ষদ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) পরিচালনা পর্ষদের সভা চেয়ারম্যানের সম্মতিক্রমে উহার সদস্য-সচিব কর্তৃক আহুত হইবে এবং চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) প্রতি ৩ (তিন) মাসে পরিচালনা পর্ষদের অন্যূন একটি সভা অনুষ্ঠিত হইবে, তবে জরুরি প্রয়োজনে পরিচালনা পর্ষদ যে কোনো সময় সভা আহ্বান করিতে পারিবে।

(৪) চেয়ারম্যান পরিচালনা পর্ষদের সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণের মধ্য হইতে নির্বাচিত একজন সদস্য পরিচালনা পর্ষদের সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) পরিচালনা পর্ষদের সভার কোরামের জন্য উহার অন্যূন এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৬) পরিচালনা পর্ষদের প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোটাধিকার থাকিবে এবং উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৭) কেবল কোনো সদস্য পদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকিবার কারণে বোর্ডের কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোথাও কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৮। **বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি।**- বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(ক) বোর্ডের কার্যাবলী ও সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবেন;

(খ) বোর্ডের হিসাব সংরক্ষণ, হিসাব বিবরণী প্রনয়ন ও হিসাব নিরীক্ষার ব্যবস্থা করিবেন;

(গ) সরকার কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

(২) এ অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে চেয়ারম্যান বোর্ডের প্রয়োজনে সকল কার্যক্রম গ্রহণ করিতে পারবেন;

তবে শর্ত থাকে যে, এইরূপে গৃহীত কার্যক্রম পরবর্তী ০৩ (তিন) মাসের মধ্যে বোর্ডের সভায় অনুমোদন গ্রহণ করিতে হইবে।

১২। **বোর্ডের সদস্যদের অযোগ্যতা-** (১) বোর্ডে কোনো সদস্য মনোনীত অথবা নিযুক্ত হইতে পারিবেন না, যদি-

(ক) দূর্নীতির অপরাধের দায়ে আদালতে বিচার চলমান থাকে;

খে) কোনো উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ হিসাবে ঘোষিত হন;

(খ) দেউলিয়া হিসাবে ঘোষিত হন;

(ঘ) নৈতিক স্খলনজনিত অপরাধে দোষী সাব্যস্ত হন;

(ঙ) ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হন।

(২) (ক) বোর্ডের কোনো সদস্য তাঁহার মনোনয়ন অথবা নিযুক্তির পর উপধারা (১)(খ-ঙ)-এ বর্ণিত কোনো কারণে অনুপযুক্ত হইলে তাঁহার সদস্যপদ বাতিল হইয়া যাইবে,

(খ) বোর্ডের স্বার্থের পরিপন্থি কোনো কার্যক্রমে জড়িত রহিয়াছেন মর্মে সরকার কর্তৃক তদন্তে প্রমাণিত হইলে তাঁহার সদস্যপদ বাতিল হইয়া যাইবে, এবং

(গ) মনোনয়ন দানকারী কর্তৃপক্ষ উহার মনোনীত কোন সদস্যকে অব্যাহতি প্রদান করেন অথবা মনোনীত কোন সদস্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিয়োজিত না থাকেন তাহা হইলে তাঁহার সদস্যপদ বাতিল হইয়া যাইবে।

১৩। **রেজিষ্ট্রার।-** বোর্ডের ১ (এক) জন রেজিষ্ট্রার থাকিবেন, যিনি বোর্ডের সার্বক্ষনিক কর্মচারী হইবেন। তাহার নিয়োগ ও কর্মের শর্তাদি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে। রেজিস্ট্রারের অনুপস্থিতিতে বোর্ডের জ্যেষ্ঠ্য কর্মকর্তা রেজিস্ট্রারের দায়িত্ব পালন করিবেন। চেয়ারম্যানের নির্দেশনা অনুযায়ী রেজিষ্ট্রার বোর্ড সভার তারিখ, সময় এবং আলোচ্যসূচি নির্ধারন, সভার কার্যবিবরণী প্রস্তুত, বোর্ড কর্তৃক সম্পাদিত কার্যাবলির বিবরণ ও সংশ্লিষ্ট নথি সংরক্ষণ এবং বোর্ড কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন ও কার্য সম্পাদন করিবেন।

১৪। **বোর্ডের কর্মচারী নিয়োগ ইত্যাদি।-**(১) বোর্ড ইহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক-কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

(২) কর্মচারীদের নিয়োগ ও চাকরির শর্তাবলি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১৫। কমিটি গঠন- (১) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ডের নিম্নবর্ণিত কমিটি থাকিবে, যথা:-

(ক) অ্যাকাডেমিক কমিটি;

(খ) প্রশাসনিক কমিটি;

(গ) অর্থ কমিটি;

(ঘ) পরিদর্শন কমিটি;

(ঙ) শৃঙ্খলা কমিটি।

(২) উপধারা (১) এ বর্ণিত কমিটি ছাড়াও বোর্ডের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার উদ্দেশ্যে প্রয়োজনে আরও কমিটি গঠন করিতে পারিবে।

(৩) উপ-ধারা (১) ও (২) এর অধীন কমিটি গঠন এবং গঠিত কমিটির দায়িত্ব ও কার্যাবলি বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

তৃতীয় অধ্যায়

অধিভুক্তি, নিবন্ধন, ইত্যাদি

১৬। **প্রতিষ্ঠানের অধিভুক্তি।-** (১) প্রতিষ্ঠানের অধিভুক্তি প্রদানের ক্ষেত্রে, ধারা ১৫(১)(ঘ) অনুযায়ী গঠিত কমিটির পেশকৃত পরিদর্শন প্রতিবেদনে যদি অধিভুক্তির শর্তাবলী পূরণ হইয়া আছে বলিয়া প্রতীয়মান হয়,

তাহা হইলে মন্ত্রণালয় এর অনুমোদন সাপেক্ষে বোর্ড অধিভুক্তির আদেশ জারি করিবে। প্রতিষ্ঠানের অধিভুক্তি প্রতি ০২ (দুই) বৎসর অন্তর নবায়ন করিতে হইবে।

(২) ইতঃপূর্বে অধিভুক্ত প্রতিষ্ঠানের পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে যদি এই মর্মে প্রতীয়মান হয় যে, অধিভুক্তির শর্তসমূহ পালনে প্রতিষ্ঠান ব্যার্থ হইয়াছে, তাহা হইলে সেই ক্ষেত্রে বোর্ড উক্ত প্রতিষ্ঠানের অধিভুক্তি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে বাতিল অথবা স্থগিত করিতে পারিবে।

১৭। মেডিকেল টেকনোলজিস্টগণের নিবন্ধন।- (১) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ইনিস্টিটিউট অব হেলথ টেকনোলজি হইতে উত্তীর্ণ ডিপ্লোমা সনদধারী মেডিকেল টেকনোলজিস্টগণের নিবন্ধন করত তাহাদের নাম, এতৎসংক্রান্ত প্রয়োজনীয় বিবরণসহ, নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিবে, এবং উক্ত নিবন্ধন বহি সংরক্ষণ ও হালনাগাদ করিবে।

(২) ইনিস্টিটিউট অব হেলথ টেকনোলজি হইতে উত্তীর্ণ ডিপ্লোমা সনদধারী কোনো ব্যক্তি প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও ফি পরিশোধ সাপেক্ষে বোর্ডের নিকট নিবন্ধনের জন্য আবেদন করিতে পারিবে।

১৮। নিবন্ধন স্থগিত, বাতিল, নিবন্ধন বহি হইতে নাম কর্তন, ইত্যাদি।- (১) কোনো মেডিকেল টেকনোলজিস্ট এই অধ্যাদেশ বা তদধীন প্রণীত বিধি বা প্রবিধানের কোনো বিধান লঙ্ঘনের কারণে দোষী সাব্যস্ত হইলে, বোর্ড প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উক্ত ব্যক্তির নিবন্ধন স্থগিত বা, ক্ষেত্রমত, বাতিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন বোর্ড কর্তৃক কোনো ব্যবস্থা গ্রহণের পূর্বে উক্ত মেডিকেল টেকনোলজিস্টকে প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কারণ দর্শানোর সুযোগ প্রদান করিতে হইবে।

১৯। আপিল।- (১) বোর্ডের কোনো সিদ্ধান্তের ফলে কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা মেডিকেল টেকনোলজিস্ট সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত সিদ্ধান্ত অবহিত হইবার তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে নির্ধারিত পদ্ধতিতে সরকারের নিকট আপিল করিতে পারিবেন।

(২) সরকার, বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বিবেচনা করিয়া প্রয়োজনীয় আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে কোথাও কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

২০। **নিবন্ধন বহি, ইত্যাদি সরকারি দলিল।**- এই অধ্যদেশ বা তদধীন প্রণীত কোনো বিধি বা প্রবিধানের অধীন প্রণীত, প্রকাশিত ও সংরক্ষিত নিবন্ধন বহি বা অনুরূপ দলিলাদি Evidence Act, 1872 (Act No. I of 1872) এর অধীন সরকারি দলিল (public document) বলিয়া গণ্য হইবে।

চতুর্থ অধ্যায়

আর্থিক বিষয়াবলি

২১। **তহবিল।**- (১) বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড তহবিল' নামে একটি তহবিল গঠিত হইবে এবং উহাতে নিম্নরূপ অর্থ জমা হইবে, যথা:-

(ক) The State Medical Faculty হইতে উত্তরাধিকারী হিসাবে প্রাপ্ত সমুদয় অর্থ;

(খ) এই আইনের অধীন ধার্যকৃত যাবতীয় ফি বাবদ প্রাপ্ত অর্থ;

(গ) বোর্ড কর্তৃক অর্জিত সম্পত্তি হইতে প্রাপ্ত আয়;

(ঘ) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

(ঙ) সরকারের পূর্বানুমোদনক্রমে স্থানীয় কর্তৃপক্ষ, অন্য কোনো প্রতিষ্ঠান অথবা ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদান;

(চ) ব্যাংকে গচ্ছিত অর্থ হইতে প্রাপ্ত সুদ ;

(ছ) বিনিয়োগ হইতে অর্জিত আয়; এবং

(জ) সরকারের পূর্বনুমোদনক্রমে কোনো বিদেশি সংস্থা বা অন্য কোন বৈধ উৎস হইতে অর্থ।

(২) তহবিলের অর্থ পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে কোনো তফসিলি ব্যাংকে বোর্ডের নামে জমা রাখিতে হইবে এবং বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে তহবিল হইতে অর্থ উত্তোলন করা যাইবে।

(৩) বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড তহবিল-এর চেয়াম্যান ও রেজিস্ট্রারের যৌথ স্বাক্ষরে এই তহবিল পরিচালিত হইবে।

(৪) এই আইনের অধীন বোর্ডের কার্যাবলী সম্পাদন এবং চেয়ারম্যান, রেজিষ্ট্রারসহ কর্মচারীদের বেতন, ভাতা, সম্মানি ও আনুষঙ্গিক সকল ব্যয় তহবিল হইতে নির্বাহ করা হইবে।

ব্যাখ্যা।- এই ধারায় উল্লিখিত 'তফসিলি ব্যাংক' অর্থ Bangladesh Bank Order 1972

PO.127 of 1972)-এর Article (2)(1) তে সংজ্ঞায়িত Seheduled Bank.

২২। **বাজেট।**- বোর্ড প্রতি বৎসর সরকার কর্তৃক সুনির্দিষ্ট সময়ের মধ্যে, পরবর্তী অর্থ বৎসরের বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কী পরিমাণ অর্থ প্রয়োজন হইবে উহার উল্লেখ করিয়া একটি বাজেট বিবরণী সরকারের অনুমোদনের জন্য পেশ করিবে।

২৩। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা।**- (১) বোর্ড যথাসময়ে উহার হিসাবরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে;

(২) বাংলাদেশ মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা হিসাব-নিরীক্ষক নামে অভিহিত, প্রত্যেক বৎসর বোর্ডের হিসাব-নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি সরকার ও বোর্ডের নিকট পেশ করিবে;

(৩) উপধারা (২) এর অধীন হিসাব নিরীক্ষা প্রতিবেদনের উপর কোনো আপত্তি উত্থাপিত হইলে উহা নিষ্পতির জন্য বোর্ড অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে;

(৪) উপধারা (২)-এর অধীন হিসাব নিরীক্ষা ব্যতিরেকে ও Bangladesh Chartered Accountants Order, 1973(President's Order No. 2 of 1973)-এর Article 2(1) (b) তে গৃহীত সংজ্ঞা অনুযায়ী চার্টার্ড অ্যাকাউন্টেন্ট দ্বারা বোর্ডের বোর্ডের হিসাব নিরীক্ষা করা যাইবে এবং এতদুদ্দেশ্যে বোর্ড এক বা একাধিক চার্টাড অ্যাকাউন্টেন্ট নিয়োগ করিতে পারিবে এবং এইরূপ নিয়োগকৃত চার্টাড অ্যাকাউন্টেন্ট পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হারে পারিতোষিক প্রাপ্য হইবেন; এবং

(৫) বোর্ডের হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা হিসাব-নিরীক্ষক কিংবা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমাপ্রাপ্ত কোনো ব্যক্তি অথবা উপধারা (৪) এর অধীনে নিয়োগকৃত চার্টাড অ্যাকাউন্টেন্ট বোর্ডের সকল রেকর্ড, দলিল, বার্ষিক স্থিতিপত্র, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার বা অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং চেয়ারম্যান, রেজিষ্ট্রার বা কোনো কর্মচারীকে জিজ্ঞাসা করিতে পারিবেন;

২৪। **বাৎসরিক প্রতিবেদন।**- (১) বোর্ড প্রত্যেক অর্থ বৎসর শেষে ৩১ জুলাই এর মধ্যে উক্ত বৎসরে সম্পাদিত কার্যাবলির বিবরণ -সংবলিত একটি বাৎসরিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার, প্রয়োজনে, বোর্ডের নিকট হইতে যে-কোনো সময় যে-কোনো বিবরণী, হিসাব, পরিসংখ্যান এবং বোর্ডের নিয়ন্ত্রণাধীন যে-কোনো বিষয় সম্পর্কিত তথা বা উক্তরুপ যে-কোনো বিষয়-সম্পর্কিত প্রবিদেবন তলব করিতে পারিবে এবং বোর্ড উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

পঞ্চম অধ্যায়

বিবিধ

২৫। **ভবিষ্য তহবিল, অবসর এবং পেনশন ও আনুতোষিক।**- বোর্ডের কর্মচারীদের ভবিষ্য তহবিল, অবসর গ্রহণের বয়স এবং পেনশন ও আনুতোষিক বিধি দ্বারা নির্ধারিত হইবে।

২৬। **তফশিল সংশোধন।**- সরকার, সময়ে সময়ে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফশিল সংশোধন করিতে পারিবে।

২৭। **বিধি প্রণয়ন।**- এই অধ্যাদেশের উদ্দেশ্যে পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৮। **প্রবিধান প্রণয়ন।**- এই অধ্যাদেশের উদ্দেশ্যে পূরণকল্পে বোর্ড সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশ ও তদধীন প্রণীত বিধির সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২৯। **রহিতকরণ ও হেফাজত।**- (১) এই অধ্যাদেশ কার্যকর হইবার সঙ্গে সঙ্গে The State Medical Faculty of Bangladesh এর কার্যক্রম রহিত হইবে এবং ইহার সকল ঋণ, দায় ও দায়িত্ব, জনবল এবং উহার দ্বারা বা উহার সহিত সম্পাদিত চুক্তি, বোর্ডের ঋণ, দায় ও দায়িত্ব, জনবল এবং উহার দ্বারা বা উহার সহিত সম্পাদিত চুক্তি বাংলাদেশ অ্যালাইড হেলথ প্রফেশনাল্স বোর্ড এর অধীনে পরিচালিত হইবে।

(২) The State Medical Faculty of Bangladesh এর বিরুদ্ধে বা তৎকর্তৃক দায়েরকৃত মামলা বা আইনগত কার্যধারা বোর্ডের বিরুদ্ধে বা তৎকর্তৃক দায়েরকৃত মামলা বা আইনগত কার্যধারা বলিয়া গণ্য হইবে এবং বাংলাদেশ অ্যালাইড হেলথ ~~শিক্ষা~~ প্রফেশনাল্স বোর্ড এর অধীনে পরিচালিত হইবে।

৩০। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**- (১) এই অধ্যাদেশ কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

তফসিল-১